



বাংলাদেশ ব্যাংক
 (সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
 মতিঝিল, ঢাকা-১০০০
 বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

০৮ আশ্বিন ১৪৩১

তারিখ: -----

২৩ সেপ্টেম্বর ২০২৪

ডিএমডি সার্কুলার নং- ১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
 বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় ক্ষিমসমূহ বিক্রয় এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে অনুসরণীয় নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত ডিএমডি সার্কুলার নং-০১, তারিখ: ২০ জুলাই ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ
 করা যাচ্ছে।

- ০২। উপর্যুক্ত সার্কুলারের মাধ্যমে জাতীয় সঞ্চয় ক্ষিমের আওতাধীন ইনস্ট্রুমেন্টসমূহ (সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্দ) বিক্রয় এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানের বিষয়ে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়।
- ০৩। এক্ষণে, উল্লিখিত সার্কুলারের ‘খ’ অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিশ্রাপিত হলো।

“জাতীয় সঞ্চয়ক্ষিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে বিক্রিত সঞ্চয়পত্রের মুনাফা/সুদ ও মেয়াদপূর্তিতে আসল/মূল অর্থ প্রদেয় হওয়ার তারিখেই ইন্টিমেশন প্রদান নিশ্চিতকরণ এবং ইন্টিমেশনের ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইএফটির মাধ্যমে গ্রাহকের অনুকূলে প্রেরিত অর্থ যথাসময়ে সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবে জমা প্রদান নিশ্চিত করতে হবে।”

- ০৪। এছাড়া, উক্ত সার্কুলারের সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

- ০৫। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বাস

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোনঃ ৯৫৩০১৩১

ই-মেইল: istequemal.hussain@bb.org.bd